# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 05.09.2024 Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর-এ চিকিৎসক ধর্ষণ ও হত্যার প্রতিবাদে ফের রাত দখল রাজ্যবাসীর। সুপ্রিম কোর্টে আজ হচ্ছে না শুনানি।

২) পশ্চিমবঙ্গ সহ সারা দেশে চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের সুরক্ষায় কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের কাছে অ্যাকসান টেকেন রিপোর্ট তলব করেছে কেন্দ্র।

৩) ১৫ বছরের বেশি পুরনো গাড়ি বাতিলের বিষয়ে হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যাচ্ছে রাজ্য সরকার।

৪) আজ শিক্ষক দিবস।

oooooooooooooooooooooooooo

আর জি কর কান্ডে নির্যাতিতার জন্য দ্রুত সুবিচারের দাবিতে ফের রাত জাগলো কলকাতা সহ সারা রাজ্য। জুনিয়ার ডাক্তারদের আহ্বানে **“বিচার পেতে আলোর পথে”** কর্মসূচীতে সাড়া দিয়ে কলকাতা থেকে ক্যানিং, দার্জিলিং থেকে দীঘা সর্বত্রই রাস্তায়

নেমে আসেন সব বয়সী সাধারণ মানুষ। ঘরের আলো নিভিয়ে মোমবাতি হাতে প্রতিবাদে সামিল হন আমজনতা। নিষ্প্রদীপ করে দেওয়া  হয় কলকাতার রাজভবন, হাওড়া ব্রীজ, ভিক্টোরিয়া মেমোরিয়াল সহ অনেক গুরুত্বপূর্ণ স্থাপত্য। হাতে মোমবাতি নিয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণস্থানে জমায়েত ও মানববন্ধন কর্মসূচী পালন করা হয়।

রাজ্যপাল সিভি আনন্দো বোস নিজের অফিসে প্রদীপ জ্বালিয়ে আন্দোলনের প্রতি সহমর্মিতা প্রকাশ করেন।

যাদবপুর এইট-বি, শ্যামবাজার, সিঁথির মোড় দক্ষিণেশ্বর, গড়িয়া মোড়, বেহালা – সর্বত্রই ছিল একই ছবি। রাত যত বাড়ে, আরও তীব্র হয় ন্যায় বিচারের দাবি। শ্যামবাজারের জমায়েতে অংশ নিয়ে প্রতিবাদে মুখর হন টালিগঞ্জের কলাকুশলীরাও। সেখানে উপস্থিত ছিলেন নির্যাতিতার  পরিবারের সদস্যরা। নিহত চিকিৎসকের বাবা সাংবাদিক বৈঠক করে রাজ্য পুলিশ ও প্রশাসনের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ব্যাক্ত করেন।

(বাইট – নির্যাতিতার বাবার)

শ্যামবাজারে অভিনেত্রী ঋর্তুপর্ণা সেনগুপ্ত হাজির হলে তাকে গো-ব্যাক শ্লোগানের মুখে পড়তে হয়। তীব্র বিক্ষোভের মুখে নিজের গাড়িতে করে চলে যেতে বাধ্য হন অভিনেত্রী। যাদবপুর এইট-বি বাসস্ট্যান্ডে আন্দোলকারীরা গান, কবিতা ও নাটকের মাধ্যমে প্রতিবাদ জানান। আর জি কর হাসপাতালের বাইরে বহু মানুষ জমায়েত হয়ে জুনিয়ার ডাক্তারদের প্রতিবাদে সামিল হন। অনেকের হাতে ছিল নানারকম পোস্টার হোর্ডিং। জ্বালানো হয় মোমবাতি। কলকাতার পাশাপাশি হাওড়া, নদীয়া, বর্ধমান, মেদিনীপুর, বাঁকুড়া, বোলপুর, কোচবিহারে প্রতিবাদে সামিল হন বহু মানুষ।

মাথাভাঙায় জমায়েত ভেঙে দিতে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। মাথাভাঙা চৌপথি এলাকায় রাতদখল কর্মসূচীর আয়োজন করা হয়েছিল। স্থানীয় শিল্পীরা রাস্তায় আলপোনা আঁকার সময়, তৃণমূল কংগ্রেসের টাউন সভাপতির নেতৃত্বে দুষ্কৃতিরা হামলা চালায় বলে অভিযোগ। মারধোর করা হয় প্রদ্যুৎ

সাহা নামে এক সিপিআইএম কর্মীকে। বাদ যাননি তাঁর বৃদ্ধ বাবাও। রং দিয়ে মুছে দেওয়া হয় আলপনা।

গড়িয়ায় প্রতিবাদ কর্মসূচী চলাকালীন উপস্থিত মহিলাদের সঙ্গে অভব্য আচরণের জন্য দুই ব্যক্তিকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। একটি গাড়িতেও চলে ভাঙচুর।

কলকাতার ডরিনা ক্রসিং-এ ধর্ণা কর্মসূচীর মঞ্চেও আলো নিভিয়ে, মশাল জ্বেলে প্রতিবাদে সামিল হন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার সহ অন্যান্য নেত-কর্মীরা।

হাওড়ার উলুবেড়িয়ার মনসাতলায় দলীয় কর্মসূচিতে যোগ দিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন –

(বাইট – শুভেন্দু)

নিউ আলিপুরে মোমবাতি মিছিল করে প্রদেশ কংগ্রেস। অসংখ্য কংগ্রেস কর্মী ও সাধারণ মানুষ এতে যোগ দেন।

ফের রাত দখলের কর্মসূচীকে সমর্থন জানিয়ে পোস্ট করেন তৃণমূল কংগ্রেস সাংসদ সুখেন্দু শেখর রায়। দিল্লিতে তিনি এদিনের কর্মসূচীতে সামিল হন ।

oooooooooooooooooooooooooo

রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার সাধারণ মানুষের প্রতিবাদের পরিসরটুকুও কেড়ে নিতে চাইছে বলে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। মাথাভাঙায় রাতদখলের কর্মসূচীতে সামিল হওয়া প্রতিবাদীদের ওপর তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের হামলা প্রসঙ্গে সাংবাদিকদের কাছে সুকান্তবাবু বলেন, রাজ্যের মানুষকেই এর জবাব দিতে হবে।

এদিকে, ধর্ষণ – খুনের প্রতিবাদ ও মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে ধর্মতলার ডরিনা ক্রসিং-এ দলের ধর্না কর্মসূচীতে গতকাল যোগ দেন সুকান্তবাবু। আজই এই ধর্নার শেষদিন। গতকাল ধর্না মঞ্চে উপস্থিত হয়ে প্রবীণ বিজেপি নেতা দিলীপ ঘোষ বলেন, গোড়াতেই গলদ রয়েছে, তা নির্মূল না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে।

সিবিআই তদন্তের অগ্রগতিতে ক্ষোভ প্রকাশ করে কংগ্রেস গতকাল এক বিশাল মিছিল বের করে। মিছিলে যোগ দেন প্রবীণ কংগ্রেস নেতা আব্দুল মান্নান, অমিতাভ চক্রবর্তী, সন্তোষ পাঠক প্রমুখ। নিজাম প্যালেসের সামনে উপস্থিত হয়ে তারা কুশপুত্তলিকা দাহ করেন। সর্বত্রই ধর্ষণ ও খুনের ঘটনায় ন্যায় বিচারের পাশাপাশি মুখ্যমন্ত্রী ও কলকাতা পুলিশের সিপি-র পদত্যাগ দাবি করা হয়।

দল মাথাভাঙার ঘটনার তীব্র নিন্দা করছে বলে তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুণাল ঘোষ মন্তব্য করেছেন। এক্স হ্যান্ডেলে এক পোস্টে তিনি দলের কর্মীদের সাধারণ নাগরিকদের আবেগকে সম্মান জানাতে বলেছেন।

oooooooooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আজ সুপ্রিম কোর্টে শুনানি হচ্ছে না। গত সন্ধ্যায় শীর্ষ আদালতের তরফে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয় – প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ ৫-ই সেপ্টেম্বর বসছে না। ফলে আজ এই মামলার শুনানি হবে না।

এদিকে মামলার শুনানি পিছিয়ে যাওয়ায় হতাশ সাধারণ মানুষ থেকে শুরু করে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরাও।

oooooooooooooooooooooooooooo

এরই মধ্যে আর্থিক দুর্নীতি মামলার তদন্ত সিটের কাছ থেকে সরিয়ে সিবিআই-কে দেওয়া নিয়ে কলকাতা হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে, সন্দীপ ঘোষ সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছেন। তাঁকে মত প্রকাশের কোনো সুযোগ না দিয়ে হাইকোর্ট, কেন্দ্রীয় সংস্থার হাতে মামলা হস্তান্তর করেছে বলে সন্দীপ তাঁর আবেদনে জানিয়েছেন।

oooooooooooooooooooooooooooo

আর জি কর-কাণ্ডের আবহে  রাজ্য মেডিক্যাল কাউন্সিলের দুদিনের বৈঠক বাতিল করা হয়েছে । আজ ও আগামীকাল রাজ্য মেডিক্যাল কাউন্সিলের গুরুত্বপূর্ণ বৈঠক ছিল। সব সদস্যকে ই-মেল করে ওই বৈঠক বাতিল করার কথা জানানো হয়েছে।

কেন বৈঠক বাতিল করা হয়েছে ই-মেলে তার কোনও কারণ উল্লেখ করা না হলেও কাউন্সিলের বেশ কয়েকজন গুরুত্বপূর্ণ সদস্যের নাম আরজি কর কাণ্ডের  পরিপ্রেক্ষিতে সামনে আসায় গোলমালের আশঙ্কায়  বৈঠক বাতিল করা হয়েছে বলে জানা গেছে ।

এদিকে, রাজ্য মেডিক্যাল কাউন্সিল ভেঙে দেবার দাবি জানিয়ে সভাপতি ডক্টর সুদীপ্ত রায়-কে চিঠি দিয়েছে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ শাখা। পাশাপাশি সভাপতি পদে ডাক্তার রায়েরও ইস্তফা চাওয়া হয়েছে। গতকালই কাউন্সিসের সদস্য পদ থেকে ইস্তফা দিয়েছেন ডাক্তার দীপাঞ্জন বন্দ্যোপাধ্যায় এবং ডাক্তার সুমন মুখোপাধ্যায়।

ooooooooooooooooooooo

জুনিয়ার ডাক্তার ও চিকিৎসকদের চাপে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের ডিন ও অ্যাসিস্ট্যান্ট ডিন পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। উত্তরবঙ্গলবির সক্রিয়তা, বিভিন্ন চিকিৎসক, অধ্যাপক ও পড়ুয়াদের আন্দোলন প্রত্যাহারের জন্য লাগাতার হুমকি, পরীক্ষার সময় অর্থের বিনিময়ে টোকাটুকিতে সাহায্য, দুর্নীতি প্রভৃতির বিরুদ্ধে আন্দোলন শুরু হয়। গতকাল অধ্যক্ষ ইন্দ্রজিৎ সাহা, ডিন সন্দীপ সেনগুপ্ত সহ বেশ কয়েকজনকে ঘেরাও করে বিক্ষোভ দেখান হাসপাতালের চিকিৎসকরা। প্রায় ৬ থেকে ৭ ঘণ্টা বিক্ষোভ অবরোধ চলে। রাতে ডিন সন্দীপ সেনগুপ্ত এবং অ্যাসিস্ট্যান্ট ডিন সুদীপ্ত শীল পদত্যাগ করেন বলে জানা গেছে।

ooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ সারা দেশে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় কি পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির কাছে অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে কেন্দ্র। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র, মুখ্যসচিব ও রাজ্য পুলিশের ডিজিকে এই মর্মে চিঠি দিয়েছেন। ১০ই সেপ্টেম্বরের আগে এসংক্রান্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। যেসব হাসপাতালগুলিতে বেশি ভিড় হয়, সেগুলিকে চিহ্নিত করে অগ্রাধিকারের ভিত্তিতে নিরাপত্তা জোরদার করতে বলেছে কেন্দ্র। স্বাস্থ্য দপ্তর ও পুলিশ কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে নিরাপত্তা ব্যবস্থার অডিট করতে হবে। বিপদের সম্ভাবনা রয়েছে এমন স্থানে সিসিটিভি ক্যামেরা বসানো এবং সেগুলি যাতে যথাযথভাবে কাজ করে, তা সুনিশ্চিত করতে হবে রাজ্যগুলিকে। বাইরে থেকে যারা হাসপাতালে কাজে আসছেন এবং চুক্তিভিত্তিক কর্মীদের সম্পর্কে পর্যাপ্ত তথ্য রাখতেও নির্দেশ দিয়েছে কেন্দ্র।

oooooooooooooooooooooo

বৃহত্তর কলকাতায় ১৫ বছরের বেশি পুরনো গাড়ি বাতিলের বিষয়ে হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যাচ্ছে রাজ্য সরকার। হাইকোর্টের বেঁধে দেওয়া ১৫ বছরের সময়সীমা বাড়িয়ে কুড়ি বছর করার জন্য সর্বোচ্চ আদালতে আবেদন জানানো হবে বলে রাজ্য পরিবহন দফতর সূত্রে জানা গেছে। গাড়ির রক্ষণাবেক্ষণ সঠিক থাকলে শুধুমাত্র বয়েসের কারণে গাড়ি বাতিল করে দেওয়ার বিরোধিতা করা হয়েছে। এধরণের গাড়ি গুলির স্বাস্থ্য পরীক্ষা করে দূষনের মাত্রা নিয়ন্ত্রণে থাকলে যাতে সেগুলিকে ছাড় দেওয়া হয় সে আবেদনও জানানো হবে। প্রবীণ আইনজীবী অভিষেক মনু সিংভি রাজ্যের হয়ে এই মামলা লড়বেন।

উল্লেখ্য, হাইকোর্টের নির্দেশ কার্যকর করতে হলে ২০২৫ সালের মধ্যে কেএমডিএ এলাকাতে প্রায় দেড় হাজার গাড়ি বাতিল হয়ে যেতে পারে। গণ পরিবহনের ওপরেও

এর বিরূপ প্রভাব পড়ার আশঙ্কা করা হচ্ছে। সেকারণেই রাজ্যের তরফে হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে যাওয়ার এই পরিকল্পনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ শিক্ষক দিবস। ডক্টর সর্ব পল্লী রাধা কৃষ্ণণ এর জন্মদিনটি জাতীয় শিক্ষক দিবস হিসেবে উদযাপিত হবে। শিক্ষক দিবস উদযাপন উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠান গুলিতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
রাজ্য সরকার এবার শিক্ষক দিবসের প্রস্তাবিত অনুষ্ঠান বাতিল করায় তরুনের স্বপ্ন প্রকল্পে ছাত্র ছাত্রীদের ট্যাব কেনার জন্যে ওইদিন যে টাকা দেওয়ার কথা ছিল শিক্ষা দপ্তর আপাতত সেই কর্মসূচী স্থগিত রেখেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার শান্তিপুর পুরসভার অস্থায়ী কর্মীরা গত দু-দিন ধরে তীব্র বিক্ষোভ দেখাচ্ছেন। পৌর প্রধান সুব্রত ঘোষের বিরুদ্ধে তারা স্বজন-পোষণের অভিযোগ তুলেছে। গতকাল ওই পৌরসভায় কর্মবিরতি পালন করেন অস্থায়ী কর্মীরা।

এদিকে, পৌরসভার চেয়ারম্যান জানিয়েছেন, কর্মীদের প্রকল্পের নির্দেশিকা মেনে কাজ করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট অ্যাথলিট সুস্মিতা দেবনাথ  বিভিন্ন প্রতিযোগিতায় পাওয়া নিজের মেডেল আরজিকরের নির্যাতিতাকে উৎসর্গ করেন। গতকাল বিকেলে উত্তর ২৪ পরগনা জেলার নাটাগড়ে নির্যাতিতার পরিবারের সাথে দেখা করতে আসেন সুস্মিতা। গত আগস্টে শ্রীলঙ্কায় অনুষ্ঠিত একটি প্রতিযোগিতায় 'এশিয়া প্যাসিফিক মেডেল' উৎসর্গ করেন তিনি।